

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭৩

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২. অগ্রিম যাকাত আদায়

بَابِ فِي تَعْجِيلِ الزَّكَاةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا إِسْمَعِيلُ بْنُ زَكَرِيًّا عَنْ الْحَجَّاجِ بْنِ دِينَارٍ عَنْ الْحَكَمِ بْنِ عُتَيْبَةَ عَنْ حُجَيَّةَ بْنِ عَدِيٍّ عَنْ عَلِيٍّ أَنَّ الْعَبَّاسَ سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَ تَعْجِيلٍ صَدَقَتِهِ قَبْلَ أَنْ تَحِلَّ فَرَخَّصَ فِي ذَلِكَ قَالَ أَبُو مُحَمَّد آخُذُ بِهِ وَلَا أَرَى فِي تَعْجِيلِ الزَّكَاةِ بَأْسًا

বাংলা

১৬৭৩. আলী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বছর পূর্ণ হওয়ার পূর্বেই অগ্রিম যাকাত আদায় করার ব্যাপারে জিজ্ঞাসা করলেন। তখন তিনি তাকে এ ব্যাপারে অনুমতি দিলেন।[1]আবূ মুহাম্মদ বলেন, আমি এ মত গ্রহণ করেছি এবং বছর পূর্তির পূর্বে যাকাত প্রদানে আমি কোনো দোষ দেখি না।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

তাখরীজ: আহমাদ ১/১০৪; আবূ দাউদ, যাকাত ১৬২৪; তিরমিযী, যাকাত ৬৭৮; ইবনু মাজাহ, যাকাত ১৭৯৫; ইবনু সা'দ, আত তাবাকাত ৪/১/১৭; বাইহাকী, যাকাত ৪/১১১; হাকিম ৩/৩৩২ একে সহীহ বলেছেন এবং যাহাবী তা সমর্থন করেছেন।

.. এর হাদীসের কয়েকটি শাহিদ হাদীস রয়েছে যা একে শক্তিশালী করে। দেখুন, তাবাকাত ৪/১/১৭; মুসান্নাফ ইবনু আবী শাইবা ৩/১৪৮; বাইহাকী ৪/১১১।

তিরমিয়ী বলেন, আলিমদের মাঝে অগ্রিম যাকাত আদায় করার ব্যাপারে দ্বিমত আছে। একদল মনীষী অগ্রিম



যাকাত আদায় করা উচিৎ নয় বলে মত ব্যক্ত করেছেন। সুফিয়ান সাওরি এই মতের সমর্থন করেছেন। তিনি বলেছেন, এটা না করাই আমার মতে উত্তম। বেশিরভাগ মনীষী অগ্রিম যাকাত আদায় করলে তা জায়িয হওয়ার কথা বলেছেন। এ মতের প্রবক্তা হচ্ছেন শাফিঈ, আক্ষাদ ও ইসহাক। দেখুন, নাইলূল আওতার ৪/২১২-২১৪।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন